

এসএসসি উত্তীর্ণদের জন্য বড় সুখবর

অনলাইন ডেক্স

প্রকাশিত: ১৮:১৫, ৯ আগস্ট ২০২৩; আপডেট: ১৮:৫৪, ৯ আগস্ট ২০২৩



লোগো।

৯টি সাধারণ শিক্ষা বোর্ডের কাছে ২০২৩ সালে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ও উত্তীর্ণ নিয়মিত পরীক্ষার্থীদের রাজস্ব খাতভুক্ত বৃত্তি দেয়ার জন্য তথ্য চেয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

বুধবার (৯ আগস্ট) এ বিষয়ে শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের চিঠি পাঠায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)।

চিঠিতে শিক্ষা বোর্ডগুলোকে আগামী ২৭ আগস্টের মধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ও উত্তীর্ণ নিয়মিত শিক্ষার্থীদের তথ্য অধিদপ্তরে পাঠাতে বলা হয়েছে। নির্ধারিত ছকে এসব তথ্য পূরণ করে হার্ডকপি এবং ই-মেইলে পাঠাতে বোর্ডগুলোকে বলেছে মাউশি।

এছাড়া ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করা শিক্ষার্থী সংখ্যা, মোট উত্তীর্ণ নিয়মিত পরীক্ষার্থী সংখ্যা, জিপিএ-৫ প্রাপ্ত নিয়মিত শিক্ষার্থী সংখ্যা এবং জিপিএ-৫ ব্যতীত উত্তীর্ণ নিয়মিত শিক্ষার্থী সংখ্যা শিক্ষা বোর্ডগুলোকে পাঠাতে বলেছে শিক্ষা অধিদপ্তর।